

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় নির্বাচিত উপাচার্য হলেন আনোয়ার হোসেন

নিজস্ব প্রতিবেদক •



আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে অধ্যাপক আনোয়ার হোসেনকে চার বছরের জন্য নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. জিহুর রহমান। বর্তমান সরকারের গত সাত্বে তিন বছরে চারটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের মধ্যে একমাত্র আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় নির্বাচিত উপাচার্য পেল।

গতকাল মঙ্গলবার রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব মোহাম্মদ শফিউল আলম জানান, রাষ্ট্রপতি উপাচার্যের নিয়োগপত্রে সই করেছেন। আনোয়ার হোসেন বর্তমানেও উপাচার্যের দায়িত্ব পালন করছেন। উপাচার্য প্যানেল নির্বাচনের পর তিনজনের মধ্যে তাঁকে নির্বাচিত হিসেবে নিয়োগ দেওয়া হলো।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা প্রথম আলোকে বলেন, অফিস সময় শেষ হওয়ায় মঙ্গলবার এ-সঙ্গেই আদেশ জারি হয়নি। আজ বুধবার এ বিষয়ে আদেশ জারি করা হবে।

জানাতে চাইলে আনোয়ার হোসেন প্রথম আলোকে বলেন, বিষয়টি তিনি জানেছেন, তবে আদেশ পাননি।

এর আগে গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে আনোয়ার হোসেনসহ তিনজন শিক্ষক উপাচার্য প্যানেলে নির্বাচিত হন। সর্বোচ্চ ভোট পান জিহুদ্দিন আগে অয়েন্দালনের মুখে পদত্যাগ করা সাবেক উপাচার্য শরীফ এনামুল কবির এবং গানিতিক ও পদার্থবিদ্যক অনুষদের ডিন নূরুল আলম তৃতীয় সর্বোচ্চ ভোট পান। নিয়ম অনুযায়ী এই তিনজনের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ ভোট পাওয়া আনোয়ার হোসেনকে উপাচার্য পদে নিয়োগ দেন আচার্য।

২০০৯ সালে সাবেক উপাচার্য শরীফ এনামুল কবিরকে আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়। শিক্ষক-শিক্ষার্থীদের একাংশের অয়েন্দালনের পরিপ্রেক্ষিতে গত ১৭ মে তিনি পদত্যাগ করেন। ২০ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মো. আনোয়ার হোসেনকে উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়। এরপর তিনি উপাচার্য প্যানেল নির্বাচন দেন।